# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৬৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯. কিবলামুখী হয়ে পায়খানায় বসা

بَابُ اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي الْخَلَاءِ

আরবী

نَا إِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدٍ الصَّفَّارُ ، نَا الْعَبَّاسُ بْنُ مُحَمَّدٍ الدُّورِيُّ ، نَا مُوسَى بْنُ دَاوُدَ ، نَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ ، عَنْ عِيسَى بْنِ أَبِي عِيسَى ، قَالَ : قُلْتُ لِلشَّعْبِيِّ : عَجِبْتُ لِقَوْلِ أَبِي هُرَيْرَةَ وَنَافِعٍ ، عَنِ ابْنِ عُمَرَ . قَالَ : وَمَا قَالَا ؟ قُلْتُ : قَالَ : أَبُو هُرَيْرَةَ لَا تَسْتَقْبِلُوا الْقِبْلَةَ وَلَا تَسْتَدْبِرُوهَا وَقَالَ نَافِعٌ ، عَنِ ابْنِ عُمَرَ : رَأَيْتُ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ذَهَبَ مَذْهَبًا مُوَاجِهَ الْقِبْلَةِ ، فَقَالَ : أَمَّا قَوْلُ أَبِي هُرَيْرَةَ فَفِي الصَّحْرَاءِ ؛ إِنَّ لِلَّهِ تَعَالَى خَلْقًا مِنْ عِبَادِهِ يُصَلُّونَ فِي الصَّحْرَاءِ ، فَلَا تَسْتَقْبِلُوهُمْ ، وَلَا تَسْتَدْبِرُوهُمْ وَأَمَّا بُيُوتُكُمْ هَذِهِ الَّتِي تَتَّخِذُونَهَا لِلنَّتْنِ ؛ فَإِنَّهُ لَا قِبْلَةَ لَهَا . عِيسَى بْنُ أَبِي عِيسَى هُوَ الْحَنَّاطُ ، وَهُوَ عِيسَى بْنُ مَيْسَرَةَ ؛ وَهُوَ ضَعِيفٌ

বাংলা

১৬৭(১১)। ইসমাঈল ইবনে মুহাম্মাদ আস-সাফফার (রহঃ) ... ঈসা ইবনে আবু ঈসা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আশ-শা’বী (রহঃ)-কে বললাম, আবু হুরায়রা ও ইবনে উমার (রাঃ) এর কথায় অবাক হলাম। তিনি বলেন, তারা দু’জন কি বলেছেন? আমি বললাম, আবু হুরায়রা (রাঃ) বলেছেন, “তোমরা কিবলাকে সামনে অথবা পিছনে রেখে প্রাকৃতিক প্রয়োজন সারবে না”। আর ইবনে উমার (রাঃ) বলেন, “আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কিবলামুখী হয়ে প্রাকৃতিক প্রয়োজন সারতে দেখেছি। আশ-শাবী (রহঃ) বলেন, আবু হুরায়রা (রাঃ) এর কথা উন্মুক্ত ময়দানের ক্ষেত্রে প্রযোজ্য। নিশ্চয়ই আল্লাহ তায়ালার এমন কতক সৃষ্টি রয়েছে যারা খোলা ময়দানে নামায পড়ে। অতএব তোমরা তাদেরকে সামনে অথবা পিছনে রেখে প্রাকৃতিক প্রয়োজন সেরো না। আর তোমাদের ঘরের মত নির্মিত শৌচাগার, তাতে কিবলামুখী হয়ে বা তার বিপরীতমুখী হয়ে বসে পায়খানা-পেশাব করায় আপত্তি নাই। ঈসা ইবনে আবু ঈসা আল-হান্নাত হলেন ঈসা ইবনে মায়সারা। তিনি হাদীসশাস্ত্রে দুর্বল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ঈসা ইবনে আবু ঈসা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন